



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৩.১৮/৪৭/২

তারিখ : ০১/০৩/২০২০ খ্রি:

বিষয় : ঢাকা কমার্স কলেজে টিউটোরিয়াল কোচিং প্রোগ্রামের নামে দুর্নীতির অভিযোগ তদন্তকরণ প্রসঙ্গে।

- সূত্র : (১) দুর্নীতি দমন কমিশনের স্মারক নং ০০.০১.০০০০.৫০৩.২৬.১৬৫.১৯-১৮০৭৩ তারিখ : ৫/৫/২০১৯ খ্রি.
(২) স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৩.১৮-৬৫৫০(৪) তারিখ : ১১/০৯/২০১৯ খ্রি.
(৩) তদন্ত কর্মকর্তার স্মারক নং ২৪০(ক)/২০ তারিখ : ১১/০৩/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা কমার্স কলেজে টিউটোরিয়াল কোচিং প্রোগ্রামের নামে দুর্নীতি বিষয়ে দুদক থেকে প্রাপ্ত অভিযোগটি তদন্ত করে তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেন।

তদন্ত কর্মকর্তার মতামত :

- (১) অভিযোগকারীর অভিযোগপত্রে উল্লেখিত এলাকার ব্যবহৃত ঠিকানা খুজে পাওয়া যায়নি।
- (২) গভর্নিং বডি ভালো ফলাফলের লক্ষ্যে শিক্ষার্থীদের কাছে কোচিং ফি নিয়ে শ্রেণি কক্ষেই কোচিং করানোর সিদ্ধান্ত গ্রহণ করেন। উল্লেখ্য কোচিং ফি কত? জরিমানা আরোপের পদ্ধতি থাকবে কি না? ভর্তি বাতিল ও পুনরায় অর্থের বিনিময়ে একই শিক্ষার্থীদের পুনঃভর্তি করা যাবে কিনা? এসব বিষয়ে গভর্নিং বডির কোন লিখিত অনুমতি কলেজ প্রশাসন দেখাতে পারেন নাই। যদিও ফি ধার্য, জরিমানা আদায়, অর্থের বিনিময়ে একই শিক্ষার্থীদের পুনঃভর্তি ইত্যাদি সকল পদ্ধতিই শিক্ষার্থীদের উপর প্রয়োগ করা হয়েছে।
- (৩) কোচিং থেকে সংগৃহীত অর্থ আলাদা ব্যাংক একাউন্টের মাধ্যমে সংরক্ষণের ব্যবস্থা কলেজ প্রশাসন কর্তৃক গৃহীত না হওয়ায় এ খাতের হিসাবের যথাযথতা সম্পর্কে নিশ্চিত হওয়া যায় নি।
- (৪) কোচিং ক্লাসে মাসিক তিন দিন অনুপস্থিত থাকলে শিক্ষার্থীদের ভর্তি বাতিল হয়েছে, আবার সেই একই শিক্ষার্থীদের কাছ থেকে ২২০০/২৪০০ টাকা ভর্তি ফি নিয়ে পুনঃভর্তি করা হয়েছে। অনুপস্থিতির জন্য জরিমানার অর্থও আদায় করা হয়েছে।
- (৫) কোচিং এ সংগৃহীত অর্থের ১০% কলেজ ফান্ডে জমা দেয়ার কথা থাকলেও এ ব্যাপারে আলাদাভাবে হিসাব সংরক্ষণের বন্দোবস্ত নাই।
- (৬) এনসিটিবি প্রতি শিক্ষাবর্ষে যত ক্লাস গ্রহণের নির্দেশনা দিয়েছেন, তুলনামূলকভাবে কলেজ প্রশাসন প্রতি একাডেমিক বর্ষে তার চেয়ে অনেক কম সংখ্যক ক্লাস গ্রহণ করেছেন। কলেজ প্রশাসন কোচিং কে অধিক গুরুত্ব প্রদান করে মূল একাডেমিক ক্লাসের সংখ্যা ও সময় বার বার কমিয়ে ফেলেছেন।

এমতাবস্থায়, তদন্ত কর্মকর্তার মতামতের বিষয়ে পত্রপ্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Alad 4.1.21

(মো: আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ

মিরপুর, ঢাকা-১২১৬

বিতরণ :

- ১। সভাপতি, গভর্নিং বডি, ঢাকা কমার্স কলেজ, মিরপুর, ঢাকা-১২১৬;
- ২। সংরক্ষণ নথি।